রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রেস-২ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৯২-আইন/২০১৬।**—বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ (২০১৪ সনের ৬নং আইন) এর ধারা ১৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়, —

(১) **"অনুদান"** অর্থ আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে এবং বিধি ৩ এ নির্দিষ্টকৃত ক্ষেত্রসমূহে ট্রাস্টের তহবিল হইতে কোন সাংবাদিক, বা ক্ষেত্রমত, তাহার পরিবারের সদস্যকে প্রদত্ত আর্থিক সহায়তা, মঞ্জুরী, বৃত্তি বা স্টাইপেন্ড;

(২) **"আইন"** অর্থ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৪ (২০১৪ সনের ৬নং আইন);

(৩) **"আবেদনকারী"** অর্থ বিধি ৪ এর উপ-বিধি (২) এর অধীন অনুদানের জন্য আবেদনকারী সাংবাদিক, এবং মৃত সাংবাদিকের ক্ষেত্রে তাহার পরিবারের সদস্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্য ঃ টাকা ৮.০০

(৪) **"চেয়ারম্যান"** অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৫) **"জেলা কমিটি"** অর্থ বিধি ৮ এর অধীন গঠিত জেলা কমিটি;

(৬) **"ট্রাস্ট"** অর্থ আইনের ধারা ২(২) এ সংজ্ঞায়িত বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট;

(৭) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(৮) **"বোর্ড"** অর্থ আইনের ধারা ২(৭) এ সংজ্ঞায়িত বোর্ড; এবং

(৯) **"ভাইস-চেয়ারম্যান"** অর্থ বোর্ডের ভাইস-চেয়ারম্যান।

৩। **অনুদানের ক্ষেত্রসমূহ।**—(১) আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে কোন সাংবাদিককে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে অনুদান প্রদান করা যাইবে, যথা :—

(ক) পেশাগত কাজ করিতে অক্ষম বা অসমর্থ;

(খ) শারীরিক বা মানসিকভাবে অসুস্থ এবং চিকিৎসা ব্যয় নির্বাহে অসমর্থ;

(গ) সাংবাদিকতায় বিশেষ অবদানের স্বীকৃতি;

(ঘ) সাংবাদিকের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি, বৃত্তি কিংবা স্টাইপেন্ড;

(ঙ) দুর্ঘটনায় বা দায়িত্বপালনকালে গুরুতর আহত বা অনুরূপ কারণে মৃত্যু;

(চ) আর্থিকভাবে অসচ্ছল অবসরপ্রাপ্ত প্রথিতযশা বা প্রয়াত প্রথিতযশা সাংবাদিকের পরিবারের সদস্যগণের কল্যাণ সাধন; এবং

(ছ) আইনের ধারা ৭ এ উল্লিখিত অন্য কোন কারণ ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত যে কোন ক্ষেত্রে অনুদান প্রাপ্তির জন্য বিধি ৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিয়া নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে।

৪। **অনুদানের জন্য আবেদন দাখিল পদ্ধতি ও যোগ্যতা।**—(১) আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে অনুদান পাইবার ক্ষেত্রে সংশ্লিষ্ট সাংবাদিককে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত সাংবাদিক বা আবেদনকারীকে, প্রয়োজনীয় কাগজপত্র ও সংশ্লিষ্ট সাংবাদিক ইউনিয়ন, বা ক্ষেত্রমত, প্রেসক্লাব এর সভাপতি বা সাধারণ সম্পাদকের সুপারিশসহ, নির্ধারিত ফরমে—

(ক) ঢাকা মহানগর ব্যতিত সকল জেলার ক্ষেত্রে, জেলা কমিটির সুপারিশ গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে, এবং

(খ) ঢাকা মহানগরির ক্ষেত্রে ট্রাস্টের প্রধান কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করিতে হইবে।

(৩) জেলা কমিটি, উপ-বিধি (২) এর দফা (ক) এর অধীন প্রাপ্ত আবেদন পর্যালোচনা করিয়া অনুদান পাইবার যোগ্য বিবেচনা করিলে উহার সুপারিশসহ ট্রাস্টের প্রধান কার্যালয়ে প্রেরণ করিবে।

**৫। সাংবাদিকের পরিবার কর্তৃক আবেদন দাখিল পদ্ধতি।**—(১) মৃত সাংবাদিকের পরিবারের একাধিক সদস্য থাকিবার ক্ষেত্রে আইন এবং এই বিধিমালার অধীন প্রদেয় অর্থ তাঁহার পরিবারের সকল সদস্যদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন সদস্যকে প্রদান করা যাইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ক্ষমতাপত্রটি সংশ্লিষ্ট সাংবাদিক ইউনিয়ন, বা, ক্ষেত্রমত, প্রেসক্লাব এর সভাপতি বা সাধারণ সম্পাদক কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন ক্ষমতাপত্র দাখিল করা সম্ভব না হইলে, উপ-বিধি (৪) এ উল্লিখিত অগ্রাধিকার ক্রম অনুসরণক্রমে সংশ্লিষ্ট সাংবাদিক ইউনিয়ন, বা, ক্ষেত্রমত, প্রেসক্লাব এর সভাপতি বা সাধারণ সম্পাদকের প্রতিস্বাক্ষরসহ আবেদন দাখিল করিতে হইবে।

(৪) এই বিধির অধীন পরিবারের সদস্যদের আবেদনের অগ্রগণ্যতা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্রম অনুসরণ করিতে হইবে, যথা :—

(ক) মৃত সাংবাদিকের ক্ষেত্রে, উক্ত সাংবাদিকের স্ত্রী বা স্বামী, যদি তিনি পরবর্তীতে পুনঃরায় বিবাহ বন্ধনে আবদ্ধ না হইয়া থাকেন;

(খ) পুত্র সন্তান;

(গ) হিন্দু ধর্মাবলম্বীর ক্ষেত্রে সাংবাদিকের দত্তক পুত্র;

(ঘ) কন্যা সন্তান;

(ঙ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল পিতা;

(চ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল মাতা;

(ছ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল নাবালক ভাই;

(জ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল অবিবাহিতা বা তালাকপ্রাপ্তা বা বিধবা বোন;

(ঝ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল প্রাপ্ত বয়স্ক প্রতিবন্ধী ভাই; অথবা

(ঞ) সাংবাদিকের সহিত একত্রে বসবাসরত ও তাহার উপর সম্পূর্ণ নির্ভরশীল প্রাপ্ত বয়স্ক প্রতিবন্ধী বোন।

**৬। বিশেষ পরিস্থিতিতে চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যানের অনুদান প্রদান ক্ষমতা।**—আইনের উদ্দেশ্য পূরণকল্পে, আইন ও এই বিধিমালার বিধানাবলীর সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, বিশেষ পরিস্থিতিতে, যেমন, জরুরী চিকিৎসা সহায়তা বা দাফন বা অন্ত্যেষ্টিক্রিয়ার জন্য, বোর্ডের—

(ক) চেয়ারম্যান সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ), এবং

(খ) চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে ভাইস-চেয়ারম্যান সর্বোচ্চ ১,০০,০০০/ (এক লক্ষ) টাকা পর্যন্ত অনুদান প্রদান করিতে পারিবেন এবং উক্ত অনুদানের সিদ্ধান্ত বোর্ডের পরবর্তী সভায় অনুমোদিত হইতে হইবে।

**৭। অনুদানের সিদ্ধান্ত এবং মঞ্জুরি আদেশ জারি।**—(১) আইনের ধারা ৭ এ বর্ণিত উদ্দেশ্যে বোর্ড সময় সময় অনুদানের পরিমাণ নির্ধারণ করিতে পারিবে।

(২) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক, বিধি ৪ এর উপ-বিধি (২) এর দফা (খ) এর অধীন প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনা করিয়া অনুদান পাইবার যোগ্য বিবেচিত হইলে সুপারিশসহ বোর্ড সভায় উপস্থাপন করিবেন।

(৩) বোর্ড, সুপারিশকৃত আবেদন বিবেচনা করিয়া অনুদান পাইবার যোগ্য মনে করিলে অনুদানের পরিমাণসহ সিদ্ধান্ত প্রদান করিবে।

(৪) ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক, উপ-বিধি (৩) এর অধীন বোর্ড কর্তৃক অনুমোদিত অনুদান মঞ্জুরির আদেশ জারি করিবেন।

(৫) অনুদান মঞ্জুরের পর উহা গ্রহণের পূর্বে আবেদনকারীর মৃত্যু হইলে, বোর্ডের অনুমোদনক্রমে, মঞ্জুরিকৃত অর্থ তাহার পরিবারের সদস্যকে প্রদান করা যাইবে।

(৬) ট্রাস্টের চলতি তহবিল হইতে সংশ্লিষ্ট আবেদনকারী বা সুবিধাভোগীকে 'কেবল প্রাপকের হিসাবে প্রদেয়' হিসাবে চেকের মাধ্যমে অনুদান প্রদান করিতে হইবে।

**৮। জেলা কমিটি।**—(১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে প্রতিটি জেলায় জেলা কমিটি থাকিবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উক্ত জেলা কমিটি গঠিত হইবে, যথা :—

(ক) জেলা প্রশাসক, যিনি উহার সভাপতি হইবেন;

(খ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় সরকারি কলেজের একজন অধ্যক্ষ;

(গ) সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা;

(ঘ) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর;

(ঙ) জেলা সাংবাদিক ইউনিয়ন বা প্রেসক্লাব এর সভাপতি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি; এবং

(চ) জেলা তথ্য কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিব হইবেন।

(২) উপ-বিধি (১) এর দফা (খ) ও (ঙ) এ উল্লিখিত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য কমিটির সদস্য থাকিবেন।

(৩) আইন ও এই বিধিমালার বিধানাবলী সাপেক্ষে, জেলা কমিটি, বিধি ৪ এ উল্লিখিত দায়িত্ব ছাড়াও বোর্ড কর্তৃক নির্দেশিত কার্যাবলী ও দায়িত্ব সম্পাদন করিবে।

**৯। অনুদান প্রাপ্ত সাংবাদিকের তথ্য সংরক্ষণ।**—ট্রাস্ট, আইনের ধারা ৭ এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালার অধীন কোন সাংবাদিক বা উহার পরিবারের অনুকূলে প্রদেয় অর্থের পরিমাণসহ অনুদানের একটি তালিকা ও আনুষঙ্গিক তথ্যাদি সংরক্ষণ করিবে।

**১০। তহবিল ব্যবস্থাপনা।**—(১) ট্রাস্টের তহবিল আইনের ধারা ৯ এর বিধান অনুযায়ী পরিচালনা করিতে হইবে।

(২) ট্রাস্টের ব্যাংক হিসাব ব্যবস্থাপনা পরিচালক ও বোর্ড কর্তৃক মনোনীত একজন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান অনুযায়ী বোর্ড কর্তৃক কর্মকর্তা মনোনীত না হওয়া পর্যন্ত বোর্ডের ভাইস-চেয়ারম্যান এবং ব্যবস্থাপনা পরিচালকের যৌথ স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব পরিচালিত হইবে।

(৪) ট্রাস্টের সকল প্রকার আর্থিক লেনদেন চেক এর মাধ্যমে পরিচালনা করিতে হইবে।

(৫) ট্রাস্টের দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা তাৎক্ষণিক খরচ নির্বাহের জন্য সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা স্থায়ী অগ্রিম হিসাবে উত্তোলন ও সংরক্ষণ করিতে পারিবেন এবং ব্যয়িত অর্থ উক্ত অর্থ বৎসর শেষ হইবার পূর্বেই সমন্বয় করিতে হইবে।

(৬) তহবিলের অর্থ উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত খাত ব্যতিত অন্য কোন খাতে বিনিয়োগের ক্ষেত্রে আইনের ধারা ৯ এর উপ-ধারা (৮) অনুযায়ী সরকারের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

**১১। প্রাতিষ্ঠানিক ব্যয়ের অনুমোদন।**—(১) ট্রাস্ট, আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বিভিন্ন ব্যয় যথা, বিভিন্ন ক্ষেত্রে অনুদান প্রদান, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন, অফিস সরঞ্জামাদি ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ, উন্নয়ন প্রকল্প গ্রহণ বা আইন অনুমোদিত অনুরূপ বিষয়ে প্রতি অর্থ বৎসরে সম্ভাব্য ব্যয়ের পরিমাণ উল্লেখপূর্বক বাজেট আকারে বোর্ডে উপস্থাপন করিবে এবং বোর্ড কর্তৃক অনুমোদিত হইলে উক্ত খাতসমূহে ব্যয় করা যাইবে।

(২) কোন কারণে বোর্ড সভা আহবানের ক্ষেত্রে বিলম্ব ঘটিলে এবং প্রাতিষ্ঠানিক ব্যয়সমূহের অনুমোদন না হওয়ায় কার্যক্রমে বিঘ্ন ঘটার সম্ভাবনা দেখা দিলে চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যানের অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট খাতে ব্যয় করা যাইবে :

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত উক্ত অনুদান বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন ও অনুমোদন করিতে হইবে।

**১২। ফরম।**—আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রয়োজন অনুসারে এক বা একাধিক ফরম নির্দিষ্ট করিয়া দিতে পারিবে।

**১৩। অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালার কোন বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা সৃষ্টি হইলে, সরকার, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদানপূর্বক উক্ত বিষয়ে করণীয় সম্পর্কে নির্দেশনা জারী করিবে।

(আবেদনকারীর পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ১ কপি)

**বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট**

**.................................**

**অনুদান প্রাপ্তির আবেদন ফরম**

**[বিধি ৪ দ্রষ্টব্য]**

বরাবর,

............................

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট
ঢাকা।

মাধ্যম :

মহোদয়,

বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হইতে আর্থিক অনুদান প্রদানের জন্য নিম্নবর্ণিত তথ্যসমূহ আপনার বরাবরে উপস্থাপন করিলাম, যথা :—

১। (ক) সাংবাদিক/আবেদনকারীর নাম (বাংলায়) :

(ইংরেজীতে) :

২। পিতা/স্বামী/স্ত্রীর নাম :

৩। মাতার নাম :

৪। বর্তমান ঠিকানা (ফোন, মোবাইল ও ই-মেইল, যদি থাকে) :

৫। স্থায়ী ঠিকানা :

৬। সাংবাদিকতা প্রতিষ্ঠানের নাম ও পদবী (কর্মহীন হইলে সর্বশেষ কর্মস্থলের নাম ও ঠিকানা):

৭। পদবী/সাংবাদিকতার ক্ষেত্র ও সদস্য পরিচিতি নম্বর:

৮। জাতীয় পরিচয়পত্র নম্বর :

৯। আবেদনের কারণ :

অনুদানের বিবরণ/প্রকৃতি : আর্থিক সহায়তা/মঞ্জুরী/বৃত্তি/স্ট্রাইপেন্ড

আনুষঙ্গিক তথ্য :

১০। আবেদনকারীর মাসিক আয় :

১১। আবেদনকারীর উপর নির্ভরশীলদের নাম/বয়স/সম্পর্ক :

১২। মৃত সাংবাদিকের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)

(ক) ঘটনার সংক্ষিপ্ত বিবরণ :

(খ) সাংবাদিকের পদবী ও কর্মস্থল :

(গ) সাংবাদিকের সহিত আবেদনকারীর সম্পর্ক :

১৩। পূর্বে কখনও অনুদান পাইয়াছেন কিনা, পাইয়া থাকিলে—

অর্থ বৎসর :............... এবং অনুদানের পরিমাণ................. তারিখ.............

১৪। অন্যান্য তথ্য ও কাগজাদি :

আমি এই মর্মে প্রতিজ্ঞাপূর্বক অঙ্গীকার করিতেছি যে, এই আবেদনপত্রে উল্লিখিত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং আমি কোন তথ্য গোপন করি নাই।

আবেদনকারীর নাম, স্বাক্ষর ও তারিখ

সাংবাদিক ইউনিয়ন/প্রেসক্লাব সভাপতি/সাধারণ সম্পাদক এর সুপারিশ :

সুপারিশকারীর নাম, স্বাক্ষর, তারিখ
ও সীলমোহর

জেলা কমিটির মন্তব্য ও সুপারিশ :

সভাপতি/........., জেলা কমিটি

**জ্ঞাতব্য বিষয়াবলী :**

১। ফরমের সকল অংশ পূরণ করিতে হইবে (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে)।

২। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্য-প্রমাণাদি সত্যায়নসহ সংযুক্ত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নুরুল ইসলাম**
যুগ্ম-সচিব (প্রেস)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd